माननीय
প্রধাংশু ঘোষাল মহাশয় সমুপেষু

মহাশয়,
আমি সোমাশ্রী দাস, বর্দ্ধমান জেলার অম্বিকা কালনাতে আমার-ই মামার বাড়ীতে থেকে পড়াশুনা করছি ।আমি বর্তমানে কালনা কলেজ প্রথম বর্ষ সংস্কৃত অনার্স-এর ছাত্রী । আমি মনযোগ সহকারে পড়াশুনা করে যাচ্ছি, যাতে উচ্চ পড়াশুনাতে আরও ভাল ফলাফল করতে পারি, আর এই পড়াশুনার পিছনে আপনার আর্থিক (স্কলারশিপ্), ভালবাসা এবং আন্তরিকতা অনস্বীকার্য । যা আমার মতন একজন দরিদ্র পরিবারের পড়াশুনা ক্ষেত্রে ভীষন কাজে লাগছে ।
আগামী দিনে আমি নিজেও কখনও আমার গুরুজন এবং আপনার মতন ব্যক্তির আশির্ব্বাদ পেয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারি, তবে আগামী দিনে নিশ্চয়ই কাউকে এই রকম আর্থিক সাহায্য করব । আর এই সবই আপনি এবং আপনার প্রতিষ্ঠান ''মুক্তি'' এর প্রত্যেক সদস্য ও কর্মী বৃন্দকে জানাই আমার পক্ষ থেকে প্রণাম ।

ধন্যবাদ সহ

তাং - ০৩/০৫/২০১৫ বিনীত

সোমাশ্রী দাস
মধুবন, পোঃ - কালনা
জেলা - বর্ধমান, পিন - ৭১৩৪০৯